

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪২৭
আগরতলা, ১ অক্টোবর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা
রাজ্যের মহাবিদ্যালয়ের বিভিন্ন সেমিস্টার
পরীক্ষায় সকলকে উত্তীর্ণ করা হবে

রাজ্যের মহাবিদ্যালয়গুলির এবছরের বিভিন্ন সেমিস্টারের পরীক্ষায় যেসকল ছাত্রছাত্রী উত্তীর্ণ হতে পারেনি তাদের সকলকে পরবর্তী সেমিস্টারে উত্তীর্ণ করা হবে। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল মিটিংয়ে গত ২৮ সেপ্টেম্বর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরজন্য নতুন জাতীয় শিক্ষানীতির রেগুলেশন-১৪ সংশোধনী সংক্রান্ত নোটিফিকেশন গত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ প্রকাশিত হয়। আজ উচ্চশিক্ষা দপ্তরের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানান উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা।

সাংবাদিক সম্মেলনে উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা জানান, যে সকল ছাত্রছাত্রী শারীরিক অসুস্থতার জন্য সেমিস্টার পরীক্ষায় বসতে পারেনি তাদেরকেও পরবর্তী সেমিস্টারে উত্তীর্ণ করা হবে। যদিও ষষ্ঠ সেমিস্টারের পরীক্ষায় ছাত্রছাত্রীদের জাতীয় শিক্ষানীতির নিয়ম অনুযায়ী পরীক্ষায় পাশ করতেই হবে। অধিকর্তা আরও জানান, এমবিবি বিশ্ববিদ্যালয় গত ২৩ আগস্ট এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় গত ২২ ও ৩০ আগস্ট প্রথম সেমিস্টারের ফলাফল ঘোষণা করেছিল। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দপ্তরের অতিরিক্ত অধিকর্তা রাজেশ ভট্টাচার্য।
